

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭২৩

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৫২. ঘুমের সময় তাসবীহ পড়া সম্পর্কে

باب فِي التَّسْبِيحِ عِنْدَ النَّوْمِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا الْعَوَّامُ بْنُ حَوْشَبٍ قَالَ حَدَّثَنِي عَمْرُو بْنُ مُرَّةَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى عَنْ أَبِي عَلِيٍّ قَالَ أَتَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى وَضَعَ قَدَمَهُ بَيْنِي وَبَيْنَ فَاطِمَةَ فَعَلَّمَنَا مَا نَقُولُ إِذَا أَخَذْنَا مَضَاجِعَنَا ثَلَاثًا وَثَلَاثِينَ تَسْبِيحَةً وَثَلَاثًا وَثَلَاثِينَ تَحْمِيدَةً وَأَرْبَعًا وَثَلَاثِينَ تَكْبِيرَةً قَالَ عَلِيٌّ فَمَا تَرَكْتُهَا بَعْدُ فَقَالَ لَهُ رَجُلٌ وَلَا لَيْلَةَ صِفِّينَ قَالَ وَلَا لَيْلَةَ صِفِّينَ

বাংলা

২৭২৩. আলী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের এখানে আসলেন এবং আমার ও ফাতিমা'র মাঝে পা দিয়ে (বসে) পড়লেন। এরপর তিনি আমাদেরকে শিক্ষা দিলেন, যা আমরা ঘুমানোর উদ্দেশ্যে বিছানায় যাওয়ার সময় বলবো যে: তেত্রিশবার 'সুবহানাল্লাহ', তেত্রিশবার আল হামদুলিল্লাহ' ও চৌত্রিশ বার 'আল্লাহু আকবার'। আলী রাদিয়াল্লাহু আনহু বলেন, এরপর থেকে আমি আর কখনো এটা পরিত্যাগ করিনি। তাকে এক ব্যক্তি জিজ্ঞেস করলো, এমনকি সিয়ফীনের রাতেও না? তিনি বললেন, সিয়ফীনের রাতেও না। [1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম উভয়ে সমন্বিতভাবে বর্ণনা করেছেন।

তাখরীজ: বুখারী, ফারযুল খুসুস ৩১১৩; মুসলিম, যিকর ওয়াদ দু'আ ২৭২৭।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৭৪, ৩৪৫, ৫৫১, ৫৭৮ ও সহীহ ইবনু হিব্বান নং ৫৫২৪, ৫৫২৯ ও মুসনাদুল ইমাইদী নং ৪৩ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83008>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন